

আপনারে দিয়ে রচিলি রে কি এ আপনারই আবরণ !

খুলে দেখ্ দ্বার, অন্তরে তার আনন্দনিকেতন ॥

মুক্তি আজিকে নাই কোনো ধারে, আকাশ সেও যে বাঁধে কারাগারে,

বিষনিশ্বাসে তাই ভরে আসে নিরুদ্ধ সমীরণ ॥

ঠেলে দে আড়াল; ঘুচিবে আঁধার— আপনারে ফেল্ দূরে—

সহজে তখনি জীবন তোমার অমৃতে উঠিবে পূরে ।

শূন্য করিয়া রাখ্ তোর বাঁশি, বাজাবার যিনি বাজাবেন আসি—

ভিক্ষা না নিবি, তখনি জানিবি ভরা আছে তোর ধন ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Ashabari-Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail